দৈনিক ইত্তেফাক

03 APR 2008

# বেসরকারি ২৪ হাজার প্রাইমারি শিক্ষকের বেতন বন্ধের পরিপত্র বাতিলের দাবি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

২৪ হাজার প্রাথমিক শিক্ষকের বেতন বন্ধের জারিকৃত পরিপত্র বাতিলের দাবি জানিয়েছে বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি। বুধবার তোপখানা রোডস্থ সমিতির কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে বক্তারা দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে নিয়ে আসা এবং ৫০ ভাগ মহার্ঘ ভাতাসহ শিক্ষকদের জন্য রেশনিং ব্যবস্থা চালু করতে সরকারের প্রতি দাবি জানান। তারা বলেন, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে শিক্ষক পরিবারগুলো বিপর্যয়ের মধ্যে দিন কাটাচ্ছে।

সমিতির সভাপতি মোহাম্মদ সামসুল আলম লিখিত বক্তব্যে বলেন, গতকাল তার নেতৃত্বে শিক্ষক প্রতিনিধিরা শিক্ষা ভবন চত্বরে শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করতে গেলে পুলিশ বাধা দেয়। তবে পাঁচ দফা দাবি সম্বলিত একটি স্মারকলিপি প্রধান উপদেষ্টার দপ্তরে জমা দেয়া হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন সমিতির মহাসচিব মৃগেন্দ্রমোহন সাহা, কোষাধ্যক্ষ কাজী কামাল পাশা প্রমুখ।